দৈনিক সংবাদ

133

তারিখ ... AUG 2 0 1999 ...
পৃষ্ঠা ৪ ... কলাম ৬ ......

## শিক্ষামন্ত্রী সমীপে

আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করে জানাচ্ছি যে শিক্ষা ব্যবস্থায় আন্তর্জাতিক রূপদানের মানসে ১৯৯৭ সাল থেকে মাধ্যমিক পর্যায়ে ইংরেজি মাধ্যমে লেখাপড়ার ব্যবস্থা রয়েছে। আমি ও আমার সহপাঠী অনেকেই ইংরেজি মাধ্যমে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি। কিন্তু পাস করার পর জানতে পারলাম দেশের কোন সরকারি কলেজে এমনকি শ্রেষ্ঠ কলেজ ঢাকা কলেজেও ইংরেজি মাধ্যমে পড়ার কোন ব্যবস্থা নেই। ঢাকা কলেজে ষাটের দশকে ইংরেজি মাধ্যমে শিক্ষার ব্যবস্থা থাকায় সে সময় নেপাল, ভুটান, মালয়েশিয়াসহ অনেক দেশের ছাত্র পড়াশুনা করত। তাদের থাকার জন্যই তৈরি হয় ঢাকা কলেজের আন্তর্জাতিক ছাত্রাবাসটি।

আমরা আশা করব মাননীয় মন্ত্রী, আপনার ব্যক্তিগত উদ্যোগে অন্তত ঢাকা কলেজে কমপক্ষে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় এক সেকশনে ইংরেজি মাধ্যমে শিক্ষার ব্যবস্থা চালু হবে। একটি স্বাধীন দেশের আগামীদিনের নাগরিক হিসেবে আমাদের গড়ে তোলার দায়িত্ব সরকারের। তাই গণতান্ত্রিক সরকারের কাছে এটা আমাদের একান্ত প্রার্থনা।

ইংরেজি মাধ্যম শিক্ষার্থীদের পক্ষে
মোঃ আশিকুর রহমান
রোড নং-৪, ধানমন্ডি
ঢাকা-১২০৫।